নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৬০

১০ সেপ্টেম্বর ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবি এসিসিই বিভাগে অ্যাক্রিডিটেশন কর্নার উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রথম কোনো বিভাগ হিসেবে এপ্লায়েড কেমিস্ট্রি এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (এসিসিই) বিভাগে অ্যাক্রিডিটেশন কর্নারের উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার (১০ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর উদ্বোধন করেন।

এ সময় উপাচার্য এ কার্যক্রমরে সঙ্গে সংশ্লিষ্টদের প্রতি ধন্যবাদ জানান এবং অন্যান্য বিভাগসমূহেও এ ধরনের উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, শিক্ষা ও গবেষণায় ধারাবাহিক উন্নতি লাভ করতে হলে নোবিপ্রবির প্রতিটি বিভাগকে অ্যাক্রিডিটেশন বাস্তবায়ন করতে হবে। আউটকাম বেইসড এডুকেশন (OBE) এবং অ্যাক্রিডিটেশন প্রাপ্তির কাজ সমান্তরালে চালিয়ে নিতে হবে। এ সময় তিনি প্রথম কোনো বিভাগ হিসেবে অ্যাক্রিডিটেশন কর্নার উদ্বোধনের জন্য এসিসিই'র ভূয়সী প্রশংসা করেন।

উদ্বোধনকালে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ), প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. আসাদুন নবী, বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আশরাফুল আলমসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, বিভাগটিতে আউটকাম বেইসড এডুকেশন (OBE) কার্যক্রম চালু রয়েছে। এ কর্নারের মাধ্যমে অ্যাক্রিডিটেশন সংক্রান্ত যাবতীয় ফাইলসমূহ সংরক্ষণ করা হবে। এর মাধ্যমে সুশাসন, নেতৃত্ব, দায়িত্বশীলতা, স্বাতন্ত্র্য, প্রতিষ্ঠানিক সততা, স্বচ্ছতা, ক্যারিকুলাম প্রণয়ন, শিক্ষণ পদ্ধতি ও মূল্যায়ন, শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত সহযোগিতা প্রদান, অনুষদ ও বিভাগের স্টাফদের সুযোগ সুবিধা, গবেষণা ও বৃত্তি সংক্রান্ত বিষয়সমূহ পর্যবেক্ষণ ও ধারাবাহিক উন্নতি সাধন করা হবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪